সংবাদ ১৬/৯/৮১

১০৩

# সরকারীকরণের পর কাগমারী কলেজের ছাত্র সংখ্যা কমছে

টাঙ্গাইল, ১২ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।—সরকারীকরণের পর ছয় বছরে কাগমারী এম,এম, আলী কলেজে ছাত্রসংখ্যা আশংকাজনকভাবে কমে গেছে। সরকারীকরণের পূর্বে ১৯৭৪ সনে এর ছাত্রসংখ্যা ছিল চার হাজারের কাছাকাছি। এখন তা হ্রাস পেয়ে আটশ'তে নেমে এসেছে। এই তথ্য প্রকাশ করে কাগমারী এম এম, আলী কলেজ ছাত্র সংসদের নেতারা বলেছেন, নামে সরকারী করণ করা হলেও এখানে সরকারী কলেজে শিক্ষার্থীদের দেয় সুযোগ সুবিধা কিছুই দেয়া হয়নি। ছাত্রাবাস, অধ্যক্ষ ও অধ্যাপকদের বাসস্থান, খেলার মাঠ কোন কিছুরই ব্যবস্থা করা হয়নি। কলেজের উন্নয়নের ব্যবস্থা করা হয়নি।

গত ৬ই সেপ্টেম্বর সরকারী কাগমারী কলেজ ছাত্র সংসদের উদ্যোগে একটি পাঠাগারের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করার সময় ছাত্র নেতারা উপরোক্ত তথ্য তুলে ধরেন। অধ্যক্ষ জনাব বোরহান উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি এবং বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে টাংগাইল জেলা প্রশাসক জনাব রেজাউল ইসলাম এবং সংসদ সদস্যা মিসেস মাহমুদা খাতুন।

জেলা প্রশাসক জনাব রেজাউল ইসলাম বলেন শিক্ষক কর্মচারীদের বেতন ছাড়া সরকারীকরণের পর এই কলেজের প্রকৃত পক্ষে অন্য কোন উন্নতি হয়নি। তিনি এ ব্যাপারে তার সীমিত ক্ষমতার মধ্যে সম্ভব সব কিছু করার আশ্বাস প্রদান করেন। পরে জেলা প্রশাসক এম এম আলী কলেজ ছাত্র সংসদের উদ্যোগে প্রতিষ্ঠিত অধ্যাপক ডঃ নজরুল ইসলাম পাঠাগারের উদ্বো-